# সদর উপজেলা পরিষদ বিশুদ্ধ পানি সরবরাহ ও স্যানিটেশন বিষয়ক কমিটির সভার কার্যবিবরনী

সভাপতিঃ মোছাঃ জোস্না আরা মিলি, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ,যশোর সদর,যশোর

তারিখঃ ৮ সেপ্টেম্বর ২০২১ খ্রিঃ

সময়ঃ সকাল ১০-০০ ঘটিকা

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট-ক-বর্নিত

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকল সম্মানিত সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে উপ-সহকারী প্রকৌশলী জঃস্বাঃপ্রঃঅঃ, সদর কে আলোচ্যসূচী অনুযায়ী সভা পরিচালনার জন্য অনুরোধ করেন। তিনি বিগত সভার কার্যবিবরনী পাঠ করে শোনান। তাতে কোনরুপ পরিবর্তন,পরিবর্ধন ও পরিমার্জন না থাকায় সভার কার্যবিবরনী সভায় সর্বসম্মতিক্রমে দৃঢ়করন করা হয়। অতঃপর সদস্য সচিব উপস্থিত সকল সদস্যকে বিভাগীয় কার্যক্রম উপস্থাপনের জন্য অনুরোধ করা হয়।

## বিভাগীয় আলোচনাঃ

সভার উপজেলার ১৫ টি ইউনিয়নের বর্তমান নিরাপদ পানি সরবরাহ ও স্যানিটেশন পরিস্থিতি সম্পর্কে প্রতিবেদন সভায় উপস্থাপন পূর্বক প্রতিটি ইউনিয়নের নিরাপদ পানির সমস্যা সংকুল এলাকার সম্পর্কে উপস্থিত সন্মানিত সদস্যগনকে অবহিত করেন করেন। এপর্যায়ে কমিটির সভাপতি মহোদয় নলকূপ অসফল এলাকায় জনসাধারনের নিরাপদ পানি সরবরাহের জন্য জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর থেকে কি ব্যবস্থা নেয়া হচ্ছে তা জানতে চান। কমিটির সদস্য সচীব জানান যে, উপজেলার যে সমস্ত এলাকায় নলকূপ স্থাপন করে নিরাপদ পানি সরবরাহ সম্ভব হচ্ছে না সে সব এলাকায় আর্সেনিকযুক্ত অগভীর/ গভীর নলকূপ এর পাশে আর্সেনিক ও আয়রন দূরীকরণের জন্য ARRP নির্মান করা যেতে পারে। সভায় উপস্থিত সন্মানিত সদস্যবৃন্দ দপ্তরীয় বরাদ্দ বৃদ্ধির ব্যবস্থা গ্রহনের দৃষ্টি আকর্ষন করেন। পরবর্তীতে সদর উপজেলায় বিভিন্ন ইউনিয়নে আর্সেনিকযুক্ত নলকূপের পরবর্তী পদক্ষেপের ব্যাপারে সদস্য সচিবের নিকট জানতে চাইলে তিনি সভাকে জানান, আর্সেনিকযুক্ত নলকূপের ব্যাপারে উর্দ্ধতন কর্তৃপক্ষের অবহিত করা হয়েছে।এমনকি তারা দ্রূত পদক্ষেপের আশ্বাস প্রদান করেছেন। আর্সেনিকযুক্ত নলকূপের পানি আবার ও পুনঃটেষ্টের জন্য পাঠানো হয়েছে। নলকূপের পানি রিপোর্টি পেলে দ্রুত ব্যাবস্থা নেওয়া হবে। এ সভায় আরেক সদস্য,উপশহর,কাশিমপুর ও রামনগর ইউনিয়নে বিশুদ্ধ পানি সরবরাহ প্রয়োজনীয়তা তুলে ধরেন।

## সিদ্ধান্ত-০১

- বাজার কেন্দ্রিক প্রয়োজনভেদে জরুরী ভিত্তিতে একটি করে পাবলিক টয়লেট নির্মান করা জরুরী।
- বিশেষ করে উপশহর,কাশিমপুর ও রামনগর বাজারে উক্ত পাবলিক টয়লেট নির্মান করা প্রয়োজন।

## সিদ্ধান্ত-০২

- যে সমস্ত এলাকায় বিদ্যালয়সমূহে বিশুদ্ধ খাওয়ার পানির ব্যবস্থা নাই সে সমস্ত বিদ্যালয়ে ARRP নির্মান করা যেতে পারে।
- যে সমস্ত বিদ্যালয়সমূহে স্বাস্থ্য সম্মত টয়লেট এর ব্যবস্থা নাই সে সমস্ত বিদ্যালয়ে স্বল্প ব্যয়ে টয়লেট নির্মান করা যেতে পারে।

## সিদ্ধান্ত-০৩

- আর্সেনিক ও আয়রন প্রবন এলাকায় জনসাধারনের বিশুদ্ধ পানি নিশ্চিত করার জন্য নলকূপ সফল এলাকা হতে পাইপ লাইনের মাধ্যমে অসফল এলাকায় পানি সরবরাহ যেতে পারে।

## সিদ্ধান্ত-০৪

- গভীর নলকূপ অসফল এলাকায় পরিক্ষামূলকভাবে ১২০০ ফুট গভীরতায় নলকূপ স্থাপন করা যেতে পারে।
- এর ফলে একটি বৃহৎ জনগোষ্টি সুপেয় পানযোগ্য পানির সুবিধা পাবে। প্রাথমিকভাবে উক্ত নলকূপ ইউনিয়নে করা যেতে পারে।

khn

অতএব আর কোন আলোচনা না থাকায় যথাসময়ে সবাই উপস্থিত হওয়ার জন্য সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলো।

০১। মাননীয় সংসদ সদস্য, সদর ০১, সদর, যশোর।
০২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সদর উপজেলা, যশোর।
০৩। উপজেলা নির্বাহী অফিসার, সদর উপজেলা, যশোর।
০৪। চেয়ারম্যান, ....................................ইউনিয়ন পরিষদ, সদর, যশোর।
০৪। অফিস নথি।

(মো) শাহনাজ পারভীন রোজী
০৮/০৩/২০২১

উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান
ও
সভাপতি
উপজেলা বিশুদ্ধ পানি সরবরাহ ও স্যানিটেশন বিষয়ক কমিটি
সদর উপজেলা, যশোর

মোঃ নুর ইসলাম

মোঃ নুর ইসলাম
উপ-সহকারী প্রকৌশলী
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
সদর উপজেলা, যশোর।

# গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
## সহকারী প্রকৌশলীর কার্যালয়, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
## সদর উপজেলা, যশোর।

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

### " সভার নোটিশ "

আগামী ০৮/০৯/২০২১ খ্রিঃ তারিখ বেলা ১০.০০ ঘটিকায় সদর উপজেলা পরিষদের "জনস্বাস্থ্য,স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ কমিটি" এর সভা উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরে নিম্নস্বাক্ষরকারীর অফিস কক্ষে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সভাপতিত্ব করবেন মহিলা ভাইস চেয়ার‍্যান উপজেলা পরিষদ, সদর, যশোর।

নির্ধারিত তারিখ ও সময়ে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হলো।

সভার আলোচ্যসূচী ঃ

০১। জনস্বাস্থ্য,স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহের বর্তমান অবস্থা।
০২। বিশুদ্ধ পানি সরবরাহের জন্য প্রকল্প গ্রহন।
০৩। স্যানিটেশন উন্নয়নের জন্য প্রকল্প গ্রহন।
০৪। বিবিধ।

০৬/০৯/২১
(মোঃ নুর ইসলাম)
উপ-সহকারী প্রকৌশলী ,জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
সদর উপজেলা,যশোর ।

স্মারক নং- ৪৬.২০৩.৪১০০.৪০১.০৬.৬১.১৮- ৫০৮

তারিখঃ০৬/০৯/২০২১ইং

প্রাপক ঃ

অনুলিপি কার্যার্থে-

০১। ভাইস চেয়ারম্যান ( মহিলা ), সদর উপজেলা পরিষদ, সদর, যশোর। আপনার সদয় অনুমতিক্রমে এ ব্যবস্থা গ্রহন করা হলো।
০২। চেয়ারম্যান, উপশহর, ইউনিয়ন পরিষদ, সদর, যশোর।
০৩। চেয়ারম্যান, কাশিমপুর, ইউনিয়ন পরিষদ, সদর, যশোর।
০৪। চেয়ারম্যান, রামনগর, ইউনিয়ন পরিষদ, সদর, যশোর।

০৬/০৯/২১
(মোঃ নুর ইসলাম)
উপ-সহকারী প্রকৌশলী ,জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
সদর উপজেলা,যশোর ।

স্মারক নং- ৪৬.২০৩.৪১০০.৪০১.০৬.৬১.১৮- ৫০৮/২

তারিখঃ০৬/০৯/২০২১ইং

অনুলিপি সদয় জ্ঞাতার্থে-

০১। চেয়ারম্যান, সদর উপজেলা পরিষদ, সদর, যশোর।
০২। উপজেলা নির্বাহী অফিসার, সদর, যশোর।

০৬/০৯/২১
(মোঃ নুর ইসলাম)
উপ-সহকারী প্রকৌশলী ,জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
সদর উপজেলা,যশোর ।

উপজেলা পরিষদ

যশোর সদর, যশোর ।

জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ স্থায়ী কমিটির রেজুলেশনের হাজিরা শিট

তারিখ-০৮/০৯/২০২১ খ্রি.

| ক্র.নং | সদস্যদের নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জেৎসনা আরা বেগম<br>উপজেলা ভাইস চেয়ারম্যান, যশোর সদর, যশোর | সভাপতি | |
| ০২ | মোঃ এহসানুর রহমান লিটু<br>চেয়ারম্যন, ০৫ নং উপশহর ইউনিয়ন পরিষদ, যশোর, সদর, যশোর । | সদস্য | |
| ০৩ | মোঃ শরিফুল ইসলাম<br>চেয়ারম্যন, ০৬ নং কাশিপুর ইউনিয়ন পরিষদ, যশোর, সদর, যশোর । | সদস্য | |
| ০৪ | মাহমুদ হাসান লাইফ<br>চেয়ারম্যান ১১ নং রামনগর ইউনিয়ন পরিদদ, যশোর, সদর, যশোর । | সদস্য | |
| ০৫ | মো: নূর ইসলাম<br>উপ সহকারী প্রকৌশলী , জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, যশোর সদর, যশোর | সদস্য সচিব | |